# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মহান আল্লাহর বিশেষণ, তাকদীর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. আকীদার উৎস / ২. ১. আকীদার উৎস ওহী

## ২. ১. আকীদার উৎস ওহী

বস্তুত আকীদা বিষয়ক সকল বিভক্তি ও বিভ্রান্তির মূল কারণ ‘‘আকীদা’’ বা ‘‘বিশ্বাস’’-এর উৎস নির্ধারণে বিভ্রান্তি, অস্পষ্টতা বা মতভেদ। এজন্য মোল্লা আলী কারী ‘‘আল-ফিকহুল আকবার’’ গ্রন্থের ব্যাখ্যায় আকীদা বা তাওহীদ-জ্ঞানের উৎস প্রসঙ্গ উত্থাপন করেছেন, যা আমরা একটু পরে উল্লেখ করব, ইনশা আল্লাহ।

সাহাবীগণ, তাঁদের অনুসারী তাবিয়ীগণ, চার ইমাম ও আহলুস সুন্নাত ওয়াল জামাআতের মতে আকীদার একমাত্র উৎস ওহী। কারণ আকীদা বা বিশ্বাস অদৃশ্যের সাথে সম্পৃক্ত। আর অদৃশ্য বিষয়ে চূড়ান্ত ও সঠিক সত্য শুধু আল্লাহর পক্ষ থেকে প্রদত্ত ওহীর মাধ্যমেই জানা যায়। রাসূলুল্লাহ (ﷺ)_এর প্রতি দু প্রকারের ওহী প্রেরিত হয়েছে এবং দু ভাবে সংরক্ষিত হয়েছে: কিতাব বা কুরআন ও হিকমাহ বা হাদীস।[1]

### ফুটনোট

[1] দেখুন: সূরা (২) বাকারা: ১২৯, ১৫১, ২৩১ আয়াত; সূরা (৩) আল-ইমরান: ১৬৪ আয়াত; সূরা (৪) নিসা: ১১৩ আয়াত; সূরা (৩৩) আহযাব: ৩৪ আয়াত; সূরা (৬২) জুমুআ: ২ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7134

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন